



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

(www.ebmeb.gov.bd/ www.bmeb.gov.bd)

স্মারক নং-৫৭.১৬.০০০০.০০৯.১৮.০০৩.২১-৮৩৪

তারিখ: ১২ কার্তিক ১৪৩২
২৮ অক্টোবর ২০২৫

বিজ্ঞপ্তি

২০২৬ সালের দাখিল পরীক্ষায় অনিয়মিত ও জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য জানানো যাচ্ছে, রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকা সাপেক্ষে জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীসহ আবশ্যিক ও নৈর্বাচনিক বিষয়/বিষয়সমূহে এক থেকে চার বিষয়ে ২০২৫ সালের দাখিল পরীক্ষায় অকৃতকার্য পরীক্ষার্থীগণকে ২০২৬ সালের দাখিল পরীক্ষায় উক্ত বিষয়/বিষয়সমূহে অংশগ্রহণের জন্য নিজ নিজ মাদ্রাসা প্রধান বরাবর সাদা কাগজে ০৩/১২/২০২৫ তারিখের মধ্যে আবেদন করতে হবে।

অনিয়মিত পরীক্ষার্থী:

২০২১-২০২৩ এবং ২০২৩-২০২৪ সালের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থী যারা ২০২৪ এবং ২০২৫ সালের দাখিল পরীক্ষায় অংশগ্রহণ করেনি, স্ব-স্ব মাদ্রাসার মাধ্যমে তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৬ সালের দাখিল পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে কোন অবস্থাতেই নিয়মিত পরীক্ষার্থী হিসেবে গণ্য করা যাবে না। তারা ২০২৫ সালের দাখিল পরীক্ষার পূর্ণাঙ্গ সিলেবাসে প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে।

রেজিস্ট্রেশন নবায়ন করে পরীক্ষায় অংশগ্রহণ:

২০২১-২০২২ সালের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থীগণ যাদের রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ অথচ অতিরিক্ত বিষয় বাদে এখনো এক বিষয়ে অকৃতকার্য আছে, সে সকল শিক্ষার্থী বিশেষ বিবেচনায় রেজিস্ট্রেশনের মেয়াদ কেবলমাত্র এক বছরের জন্য নবায়ন করে ২০২৬ সালের দাখিল পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অকৃতকার্য বিষয়ে অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে ২০২৫ সালের সিলেবাস (পুরাতন) অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

উপরে বর্ণিত পরীক্ষার্থীদের পূর্বে উত্তীর্ণ বিষয়/বিষয়সমূহের প্রাপ্ত জিপি সংরক্ষিত থাকবে। ২০২৬ সালের পরীক্ষায় তাদের অংশগ্রহণকৃত বিষয়ের জিপি পূর্বে উত্তীর্ণ বিষয়/বিষয়সমূহের সংরক্ষিত জিপি এর সাথে যোগ করে তাদের জিপিএ নির্ধারণ করা হবে।

জিপিএ উন্নয়ন:

কেবল ২০২৫ সালের দাখিল পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে এবং জিপিএ ৫.০০ এর কম পেয়েছে এমন পরীক্ষার্থীরা রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে ২০২৬ সালের দাখিল পরীক্ষায় জিপিএ উন্নয়নের জন্য অংশগ্রহণ করতে পারবে এবং তাদেরকে সকল বিষয়ে ২০২৫ সালের পূর্ণাঙ্গ সিলেবাসে (পুরাতন) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ২০২৬ সালের দাখিল পরীক্ষায় প্রাপ্ত ফলাফলে জিপিএ উন্নয়ন হলে তা গ্রহণ করা হবে। অন্যথায় পূর্বের জিপিএ বহাল থাকবে।

পাঠসূচি:

- ১। ২০২৬ সালে দাখিল পরীক্ষার সংক্ষিপ্ত সিলেবাসে প্রণীত প্রশ্নপত্রে নিয়মিত পরীক্ষার্থীগণ পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- ২। ২০২৫ সালের দাখিল পরীক্ষার পূর্ণাঙ্গ সিলেবাসে প্রণীত প্রশ্নপত্রে অনিয়মিত ও জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীগণ পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- ৩। সকল শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ক্ষেত্রে শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা এবং ক্যারিয়ার এডুকেশন বিষয়সমূহ এনসিটিবি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর মাদ্রাসা সংশ্লিষ্ট কেন্দ্রকে সরবরাহ করবে। সংশ্লিষ্ট কেন্দ্র ব্যবহারিক পরীক্ষার নম্বরের সাথে ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত নম্বর বোর্ডের ওয়েবসাইটে অনলাইনে প্রেরণ করবে এবং ব্যবহারিক ও ধারাবাহিক মূল্যায়নের হাতে লেখা মূল নম্বর ফর্দ দাখিল শাখায় হাতে হাতে জমা দিতে হবে।
- ৪। ফরম পূরণের ফি: ফরম পূরণের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি পরিশোধ করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর ড. মোহাম্মদ কামরুল আহসান

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

ফোন: ০২৫৮৬১০২০২

controller@bmeb.gov.bd